**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-02-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Parisha Pe Charcha:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জোর দিয়ে বলেছেন যে সঠিক খাবার এবং ভালো ঘুম শিক্ষার্থীদের পরীক্ষায় ভালো ফল করতে সাহায্য করবে।

"পরীক্ষা পে চর্চা"র চতুর্থ পর্বে, পুষ্টিবিদ রুজুতা দিওয়েকার, রেবন্‌ত্‌ হিমৎসিংকা এবং সোনালি সবেরওয়াল পরীক্ষার সময় স্মৃতিশক্তি বাড়াতে, সক্রিয় থাকতে এবং মনোযোগ বাড়াতে পুষ্টি বিষয়ক তথ্য তুলে ধরেন।

চাপমুক্ত জীবনযাপনের জন্য প্রধানমন্ত্রী মোদীর নির্দেশনার সঙ্গে সামঞ্জস্য রেখে, তারা শিক্ষার্থীদের সুস্থতা গ্রহণ করতে এবং সত্যিকার অর্থে একজন পরীক্ষার্থীর মনোভাব পোষণ করতে অনুপ্রাণিত করেন।

*********************

**Art & craft camp:**

আগরতলার লিচুবাগানস্থিত হস্তশিল্প সেবা কেন্দ্রে গতকাল তিন দিনের নৈপুণ্য প্রদর্শন ও সচেতনতামূলক  শিবিরের উদ্বোধন করেছেন রাষ্ট্রপতি পুরষ্কারপ্রাপ্ত কারিগর  তপন চন্দ্র দাস। হস্তশিল্প সেবা কেন্দ্রের সহকারি নির্দেশক পম্পা কর্মকার জানান, শিবিরে গভর্নমেন্ট কলেজ অফ আর্ট এন্ড ক্র্যাফট এর ৫০ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছে। শিবিরে উপস্থিত ছিলেন বেতের কারুশিল্পী ভজন শর্মা, মৃৎশিল্পী সমীর পাল সহ অন্যরা।

*********************

**Awarness programme:**

প্রতিবন্ধিকতা প্রতিরোধ ও জন্মগত ত্রুটির দ্রুত প্রাথমিক শনাক্তকরণের লক্ষ্যে গতকাল বিলোনিয়ায় দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিসে এক বিশেষ সচেতনতা সভা অনুষ্ঠিত হয়।সভায় প্রতিবন্ধীদের দক্ষতা উন্নয়ন, পুনর্বাসন ও ক্ষমতায়ন বিষয়ক আঞ্চলিক কেন্দ্রের সহকারী অধ্যাপক নামো নারায়ণ পাঠক সভায় বলেন, "প্রাথমিক পর্যায়ে প্রতিবন্ধিতা শনাক্ত করতে পারলে অনেক শিশুকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা সম্ভব। আশা ও আঙ্গনওয়াড়ি কর্মীরা যদি সচেতন হন, তবে তারা মাঠপর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবেন। আলোচনা করেন দক্ষিণ জেলার অতিরিক্ত জেলা শাসক হেমন্ত দেববর্মা, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: জ্যোতির্ময় দাস প্রমুখ।

********************

**Assam Rifles:**

আসাম রাইফেলসের উদ্যোগে গতকাল উনকোটি জেলার রাধানগরে ছাত্রছাত্রীদের সঙ্গে আসাম রাইফেলসের সঙ্গে একটি দিবস অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ড্রোনের মাধ্যমে কিভাবে আসাম রাইফেলস কাজ করে তা ছাত্রছাত্রীদের সামনে প্রদর্শন করা হয়। কেন্দ্রীয় এই বাহিনী জানিয়েছে, ছাত্রছাত্রীরা কোয়ার্টার গার্ড, মহড়ার প্রদর্শন দেখেছে। জওয়ানদের জীবনী সম্পর্কে অবহিত হয়েছেন শিক্ষার্থীরা।

********************

**Signing of mou:**

আগরতলায় ন্যাশনাল ফরেনসিক সায়েন্স বিশ্ববিদ্যালয়ের সঙ্গে জাতীয় আইন বিশ্ববিদ্যালয়, ত্রিপুরার একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উপস্থিত ছিলেন জাতীয় আইন বিশ্ববিদ্যালয়, ত্রিপুরার অধিকর্তা ডঃ এইচ কে প্রতিহারি, জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ ওয়াই পি সিং সহ দুই প্রতিষ্ঠানের আধিকারিকরা। ডঃ ওয়াই পি সিং জানান, ফরেনসিক সায়েন্সের সঙ্গে আইনের

বিষয় অঙ্গাঙ্গীভাবে জড়িত। কাজের  জন্য দুই প্রতিষ্ঠান গবেষণা সহ একে অপরকে সহযোগিতা করতে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। তিনি আরও জানান, প্রমানের অভাবে অনেক সময় বিচার প্রক্রিয়া সম্পূর্ণ হয় না। সন্দেহের মধ্যে থেকে কোন ধরনের বিচার বা রায় দেওয়া যায় না। তাই বিচার প্রক্রিয়ায় ফরেনসিক-এর  গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

********************

**BSF Success:**

বিএসএফ সদর দপ্তর জানিয়েছে, গতকাল তেলিয়ামুড়া রেল ষ্টেশনে শিলচর- আগরতলা এক্সপ্রেস ট্রেন থেকে পাঁচ বাংলাদেশি নাগরিক এবং এক ভারতীয় দালালকে আটক করা হয়েছে। বেআইনি অনুপ্রবেশকারী বাংলাদেশিরা বেঙ্গালুরু থেকে ফিরছিলেন। অন্য একটি অভিযানে সিপাহিজলার কুলুবাড়ি সীমান্ত এলাকায় বিএসএফ জওয়ানরা প্রায় দুই কোটি টাকার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে। এছাড়া বিভিন্ন অভিযানে ৩০ লক্ষ টাকার বিদেশি সিগারেট ও অন্যান্য সামগ্রী আটক করেছে।

********************

**Congress-Press Meet:**

অল ত্রিপুরা অসংগঠিত শ্রমিক কংগ্রেসের রাজ্য ভিত্তিক কনভেনশন আগামী ১৬ই ফেব্রুয়ারি তেলিয়ামুড়া টাউন হলে অনুষ্ঠিত হবে। গতকাল  আগরতলায় কংগ্রেস ভবনে সাংবাদিক সম্মেলনে দলের মুখপাত্র প্রবীর চক্রবর্তী একথা জানান। তিনি জানান, এই কনভেনশনে রাজ্য সহ গোটা দেশের কৃষক ও শ্রমিকদের সমস্যা নিয়ে আলোচনা হবে।

********************

**Exam preparation:**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সচিব দুলাল দে গতকাল সাংবাদিকদের জানান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রস্তুতি প্রায় সম্পন্ন

হয়েছে। উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হবে ২৪ ফেব্রুয়ারি, ইংরেজি পরীক্ষা দিয়ে। মাধ্যমিক পরীক্ষা শুরু হবে ২৫ ফেব্রুয়ারি, ইংরেজি পরীক্ষা দিয়ে। তিনি আরও জানান, এই বছর মাধ্যমিক পরীক্ষার জন্য ১৪৫টি ভ্যানু ও ৬৮টি সেন্টার এবং উচ্চ মাধ্যমিকের জন্য ৯৫টি ভ্যানু ও ৬০টি সেন্টার তৈরি করা হয়েছে। পরীক্ষার্থীরা যাতে শান্তিপূর্ণভাবে পরীক্ষা দিতে পারে সেই চেষ্টা করছে পর্ষদ কর্তৃপক্ষ।

********************

**Sports Telent Search:**

কৈলাশহরের ভদ্রপল্লী স্কুল মাঠে গতকাল  চন্ডীপুর ব্লকভিত্তিক ক্রীড়া প্রতিভা অন্বেষণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির উদ্বোধন করেন, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল। ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা অমিত কুমার যাদব জানান, অনূর্ধ্ব দশ ও চৌদ্দ বছর বয়সী বালক-বালিকারা ফুটবল, খো-খো, কাবাডি ও এথলেটিক্স প্রতিযোগিতায়। এখানে মোট ১০৪ জন খেলোয়াড়কে বাছাই করা হয়।

********************

**Under 15 Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় গতকাল তিনটি খেলা হয়। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে তরুন সংঘ কোচিং সেন্টার ২০৩ রানে দশমীঘাট কোচিং সেন্টারকে, নেপকো মাঠে প্রগতি প্লে সেন্টার ৩৮ রানে মৌচাক কোচিং সেন্টারকে এবং আম্বেদকর মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার  ১০ উইকেটে বাধারঘাট কোচিং সেন্টারকে হারিয়ে দেয়।

********************

**Super Division Cricket:**

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার গতকাল তিনটি ম্যাচ হয়। এতে মেলাঘরের মাঠে সংহতি ক্লাবে ১৩৪ রানে হার্ভে ক্লাবকে, নরসিংগড়ের টিআইটি মাঠে ব্লাডমাউথ ক্লাব ২৪১ রানে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং এম বি বি স্টেডিয়ামে স্ফুলিঙ্গ ক্লাব ৬ উইকেটে জয়নগর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

********************

**Weather :**

আজ আকাশ সাধারনত পরিষ্কার থাকবে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

********************

********************